**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 09-04-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনে ভোট গ্রহণ শান্তিপূর্ণভাবে শেষ হয়েছে। সর্বশেষ প্রাপ্ত তথ্য অনুযায়ী ৮০.০৪ শতাংশ ভোট পড়েছে।**

**(২) এডিসি নির্বাচনের সরব প্রচার শেষ হবে আগামীকাল।**

**(৩) আসাম, কেরলম এবং কেন্দ্রশাসিত অঞ্চল পুদুচেরিতে বিধানসভা নির্বাচনের ভোটগ্রহণ সম্পন্ন।**

**(৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারতীয় গণতন্ত্রকে আরও প্রাণবন্ত এবং অংশগ্রহণমূলক করে তুলতে আইনসভাগুলিতে মহিলাদের জন্য সংরক্ষণ এখন সময়ের দাবি।**

**(৫) কাজল স্মৃতি ফুটবলে কাতলামারা হাইস্কুল এবং সাই এসটিসি সেমিফাইনালে উঠেছে।**

*****************************************

**Bye-Election :**

ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনে ভোট গ্রহণ আজ শান্তিপূর্ণভাবে শেষ হয়েছে। কড়া নিরাপত্তার মধ্য দিয়ে মোট ৫৫টি ভোটকেন্দ্রে ভোটগ্রহণ করা হয়। নির্বাচন কমিশনের সর্বশেষ তথ্য অনুযায়ী এই উপ-নির্বাচনে ভোটের হার ৮০.০৪ শতাংশ। এই উপ-নির্বাচনে ৬ জন প্রার্থীর ভাগ্য নির্ধারণ করা হয়। তারা হলেন বিজেপি'র জহর চক্রবর্তী, জাতীয় কংগ্রেসের চয়ন ভট্টাচার্য, সি.পি.আই(এম)-এর অমিতাভ দত্ত, আমরা বাঙালী দলের বিভাস রঞ্জন দাস, এস.ইউ.সি.আই সঞ্জয় চৌধুরী এবং নির্দল প্রার্থী ব্রজলাল দেবনাথ।

উপ-নির্বাচনের ভোট গ্রহণ ঘিরে আজ সকাল থেকেই ভোটারদের মধ্যে উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হয়। নতুন ভোটাররাও উৎসবের মেজাজে তাদের ভোটাধিকার প্রয়োগ করেন। প্রথমবারের মত ভোট দেবার সুযোগ পেয়ে নতুন ভোটাররা উৎসাহ ব্যক্ত করেন।

#####Byte-Srijoyee Chattapadhaya####

#####Byte-Debarati Das#####

আজ ভোট গ্রহণ শেষ হবার পর ভোট কর্মীরা ভোটসামগ্রী নিয়ে ফিরতে শুরু করেছেন। কড়া নিরাপত্তায় ই.ভি.এম ও ভিভিপ্যাট পিএমশ্রী ধর্মনগর গার্লস স্কুলের স্ট্রং রুমে রাখা হচ্ছে। ভোট গণনা হবে আগামী চৌঠা মে।

***************************

**BJP-Press Meet :**

ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় প্রদেশ বিজেপি'র পক্ষ থেকে নির্বাচন কমিশন ও ভোটারদের অভিনন্দন জানানো হয়েছে। আজ আগরতলায় বিজেপি'র প্রদেশ কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলন একথা জানিয়েছেন সহ সভাপতি তাপস ভট্টাচার্য।

******************************

**ADC-Election :**

এডিসি নির্বাচনে আগামীকাল বিকেল ৪টায় সরব প্রচার শেষ হবে। আগামী ১২ই এপ্রিল রবিবার এডিসি'র ২৮টি আসনে সকাল ৭টা থেকে বিকেল ৪টা পর্যন্ত ভোট গ্রহণ করা হবে। মোট ১৭৩ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করবেন। সব আসনেই বহুমুখী প্রতিদ্বন্দ্বিতা হবে। এডিসি নির্বাচনে মোট ৯ লক্ষ ৬২ হাজার ৬৯৭ জন ভোটার রয়েছেন। এদের মধ্যে পুরুষ ভোটার ৪ লক্ষ ৮২ হাজার ২৫ জন, মহিলা ভোটার ৪ লক্ষ ৮০ হাজার ৬৬৬ জন ও অন্যান্য ভোটার রয়েছেন ৬ জন।

এদিকে, গত দু'দিনে পোষ্টাল ব্যালেটে ভোট পড়েছে ৯৭ শতাংশ। রাজ্য নির্বাচন কমিশনের সচিব অনুরাগ সেন এই সংবাদ জানিয়েছেন।

***************************

**Training Programme-Gomati :**

এডিসি নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য গোমতী জেলা প্রশাসনের পক্ষ থেকে প্রয়োজনীয় সবধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এই জেলার তিনটি মহকুমায় এডিসি'র পাঁচটি আসনের জন্য ভোট কর্মীদের নিয়ে নির্বাচন দপ্তরের উদ্যোগে প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করা হয়। জেলাশাসক তথা জেলা নির্বাচনী আধিকারিক রিঙ্কু লাথের আমাদের গোমতী জেলার প্রতিনিধি শ্যামসুন্দর দত্তকে জানিয়েছেন, উদয়পুরে নেতাজি সুভাষ মহাবিদ্যালয়ে কিল্লা বাগমা এবং কাঁঠালিয়া-মির্জা-রাজাপুর আসনের ভোটকর্মীদের, অমরপুর স্কুলে অম্পিনগর এবং করবুক এস ডি এম অফিসে নতুনবাজার-মালবাসা আসনের জন্য নিযুক্ত মোট এক হাজার দুইশ জন ভোট কর্মীদের প্রশিক্ষণ দেওয়া হয়।

**************************

**ADC-Campaign :**

বিজেপির বরিষ্ঠ নেতা রাজ্যের মুখ্যমন্ত্রী ডা: মানিক সাহা আজ বিজেপি প্রার্থীদের সমর্থনে দক্ষিন জেলার কলাছড়ায় ও কাঁঠালিয়ার রাজপ্রাসাদ চৌধুরী পাড়ায় দুইটি নির্বাচনী সভায় বক্তব্য রাখেন। পূর্ব মুহুরীপুর-ভুরাতলি ও বীরচন্দ্র-কলসী আসনের বিজেপি প্রার্থীদের সমর্থনে আয়োজিত এই দুইটি সমাবেশে মুখ্যমন্ত্রী এডিসি নির্বাচন শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি আজ কিল্লা বাগমায় বিজেপি মনোনীত প্রার্থী অমর জমাতিয়ার সমর্থনে এক নির্বাচনী জনসভায় বক্তব্য রাখেন।

সাংসদ রাজীব ভট্টাচার্য গঙ্গানগর-গন্ডাছড়া কেন্দ্রে বিজেপি'র প্রার্থী ভূমিকানন্দ রিয়াং সমর্থনে গঙ্গানগর বাজারে আয়োজিত এক বাইক র‍্যালিতে অংশগ্রহণ করেন।

এডিসি'র পূর্ব-মুহুরীপুর-ভুরাতলি আসনের সি.পি.আই.এম প্রার্থী বারজুং ত্রিপুরার সমর্থনে আজ পোয়াংবাড়িতে নির্বাচনী সভায় বক্তব্য রাখেন সিপিআইএম-এর রাজ্য সম্পাদক তথা বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী, সি.পি.আই.এম দক্ষিণ জেলার সম্পাদক তাপস দত্ত, টি.ওয়াই.এফ কেন্দ্রীয় কমিটির সম্পাদক কুমুদ দেববর্মা প্রমুখ।

তিপ্রা মথার প্রতিষ্ঠাতা প্রদ্যুৎ কিশোর দেববর্মা আজ ধলাই জেলার ছামনু বাজার, দামছড়া এবং নালকাটায় জনসভায় অংশ নেন। তিনি ছামনুতে দলের প্রার্থী হংস কুমার ত্রিপুরার সমর্থনে রোড শো-তেও অংশ নেন।

****************************

**Vote in Three States :**

আসাম, কেরলম এবং কেন্দ্রশাসিত অঞ্চল পুদুচেরিতে বিধানসভা নির্বাচনের জন্য আজ ভোটগ্রহণ করা হয়েছে। আসামের ১২৬টি, কেরলমের ১৪০টি এবং পুদুচেরির ৩০টি আসনের জন্য আজ ভোট গ্রহণ করা হয়। নির্বাচন কমিশন থেকে প্রাপ্ত সর্বশেষ তথ্য অনুযায়ী জানা গেছে, আসামে ৮৪.৪২ শতাংশ। কেরলমে ৭৫.০১ শতাংশ ও কেন্দ্রশাসিত অঞ্চল পুদুচেরিতে ৮৬.৯২ শতাংশ ভোট পড়েছে।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**PM-Women reservation :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারতীয় গণতন্ত্রকে আরও প্রাণবন্ত এবং অংশগ্রহণমূলক করে তুলতে আইনসভাগুলিতে মহিলাদের জন্য সংরক্ষণ এখন সময়ের দাবি। এক বার্তায় শ্রী মোদী বলেন, এই সংরক্ষণ সৃষ্টিতে আর কোন বিলম্ব অত্যন্ত দুর্ভাগ্যজনক বলে বিবেচিত হবে। তিনি বলেন, মহিলাদের জন্য সংরক্ষণ এগিয়ে নিতে একটি গুরুত্বপূর্ণ বিল নিয়ে আলোচনা ও অনুমোদনের জন্য আগামী ১৬ই এপ্রিল সংসদের অধিবেশন ডাকা হয়েছে।

***************************

**Home Minister :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ সি.আর.পি.এফ বীরত্ব দিবসে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন। সামাজিক মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রী জানান, ১৯৬৫ সালের আজকের দিনে কচ্ছের সর্দার পোস্টে সি.আর.পি.এফ-এর নির্ভীক যোদ্ধারা এক অটুট প্রাচীরের মতো দাঁড়িয়ে শত্রুদের গুঁড়িয়ে দিয়েছিলেন এবং ভারতের ইতিহাসে বীরত্বের এক গৌরবময় অধ্যায় রচনা করেছিলেন। শ্রী শাহ দেশের সম্মাণ ও নিরাপত্তার জন্য জীবন উৎসর্গকারী সেই বীরদের অদম্য সাহস ও আত্মত্যাগের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

**********************

**LPG :**

পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রকের যুগ্ম সচিব সুজাতা শর্মা বলেছেন, কেন্দ্রীয় সরকার সারা দেশের পরিবারগুলিকে ১০০ শতাংশ এল.পি.জি

সরবরাহ নিশ্চিত করছে। পশ্চিম এশিয়া সঙ্কট নিয়ে  আজ নতুন দিল্লিতে আন্তঃমন্ত্রণালয় আলোচনার সময় সুজাতা শর্মা জানান, এল.পি.জি বিতরণকারীদের এলপিজি সিলিন্ডারের কোনো সঙ্কট নেই। তিনি জানান, গতকাল ৫১ লক্ষেরও বেশি বাড়িতে এল.পি.জি সিলিন্ডার বিতরণ করা হয়েছে। যুগ্ম সচিব আরও জানান, গত ২৩শে মার্চ থেকে দশ লক্ষেরও বেশি বাণিজ্যিক এল.পি.জি সিলিন্ডার বিক্রি হয়েছে। তিনি বলেন, সরকার পি.এন.জি সংযোগগুলিও সম্প্রসারিত করেছে, আরও চার লক্ষ নতুন গ্রাহক নিবন্ধিত হয়েছে।

****************************

**Poshan Pakhwada :**

নারী ও শিশু উন্নয়ন মন্ত্রী অন্নপূর্ণা দেবী নতুন দিল্লিতে পোষণ পক্ষের অষ্টম সংস্করণের উদ্বোধন করেছেন। পুষ্টি পাক্ষিকের মূল বিষয়বস্তু হলো "জীবনের প্রথম ছয় বছরে মস্তিষ্কের সর্বোত্তম বিকাশ"। অন্নপূর্ণা দেবী বলেন, পোষণ পক্ষের উদ্দেশ্য হলো পুষ্টিকে একটি গণ আন্দোলনে পরিণত করা। তিনি উল্লেখ করেন, অঙ্গনওয়াড়ি এবং আশা কর্মীরা এই কাজে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন, প্রতি ঘরে ঘরে পৌঁছে শিশু ও মায়েদের যত্ন নিচ্ছেন।

****************************

**NCC Camp :**

১৩ ত্রিপুরা ব্যাটেলিয়ান এন.সি.সি'র উদ্যোগে আজ থেকে শহীদ ভগৎ সিং যুব আবাসে এনসিসি ক্যাডেটদের নিয়ে কম্বাইন্ড বার্ষিক প্রশিক্ষণ শিবির শুরু হয়েছে। চলবে ১৭ই এপ্রিল পর্যন্ত। এই শিবিরে ত্রিপুরা ও আসাম থেকে মোট ৪৭২ জন এনসিসি ক্যাডেট অংশ নিয়েছে। এরমধ্যে বালক বিভাগে ২৪০ জন ও বালিকা বিভাগে এন.সি.সি ক্যাডেট রয়েছে ২৩২ জন। আজ এই প্রশিক্ষণ শিবিরে ১৩ ত্রিপুরা ব্যাটেলিয়ান এনসিসি'র কর্ণেল–কমান্ডিং অফিসার এন এস বাথ এন.সি.সি ক্যাডেটদের দেশ মাতৃকার

সেবায় আত্মনিয়োগ করার আহ্বান জানান। তিনি বলেন, এই শিবির থেকে আসাম ও ত্রিপুরার মোট ২৭ জন এন.সি.সি ক্যাডেটকে নির্বাচিত করা হবে। এই ২৭ জন শিলচরে উত্তর-পূর্বাঞ্চলের রাইফেল শুটিং প্রতিযোগিতায় অংশ নেবে। এই শিবিরে এনসিসি ক্যাডেটদের পিটি, যোগা, ম্যাপ রিডিং, ফায়ারিং, ড্রিল, সমাজ সেবা, বাক্তিত্ব উন্নয়ন, সাংস্কৃতিক চর্চা, নিয়মানুবর্তিতা, ড্রাগের অপব্যবহার, বেসিক মিলিটারি ট্রেনিং, বিতর্ক প্রতিযোগিতা প্রভৃতি বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে। বিশেষজ্ঞগণ সাইবার অপরাধ, পক্সো আইন, প্রাকৃতিক দুর্যোগ ব্যবস্থাপনা, পরিবেশ সচেতনতা, কিক বক্সিং, অগ্নি নিরাপত্তা প্রভৃতি বিষয়ে তাদের প্রশিক্ষণ দেবেন। আসাম রাইফেলসের জওয়ানগণ অস্ত্র প্রদর্শন করবেন। ১৪ই এপ্রিল ক্যাডেটগণ খয়েরপুরস্থিত টিএসআর ক্যাম্পে ফায়ারিং-এ অংশ নেবে।

*****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের দক্ষিণ জেলা, সিপাহীজলা, গোমতী ও ধলাই জেলায় ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া বাকি জেলাগুলিতে বজ্র বিদ্যুৎ সহ ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া ও বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৬.৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯.৬ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

*****************************

**Kajal Smriti Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত কাজল স্মৃতি ফুটবলে কাতলামারা হাইস্কুল এবং সাই এসটিসি সেমিফাইনালে উঠেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে আজ আসরের দুটি কোয়ার্টার ফাইনালে কাতলামারা হাই স্কুল ৪-৩ গোলে টি আই এস এফ-কে এবং সাই এসটিসি ৩-১ গোলে আস্তাবল স্পোর্টস

এন্ড কোচিং সেন্টারকে হারিয়ে দেয়। আগামীকাল আরো দুটি কোয়ার্টার ফাইনাল হবে।

**************************

**T-20 Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সমীরণ চক্রবর্তী স্মৃতি ঘরোয়া টি-২০ ক্রিকেট প্রতিযোগিতায় আজ ৩টি খেলা হয়। এতে এম বি বি স্টেডিয়ামে একটি খেলায় স্ফুলিঙ্গ ক্লাব ৯ উইকেটে মৌচাক ক্লাবকে এবং নরসিংগড়ের পিটিএ মাঠে দুটি খেলায় জয়নগর ক্রিকেট ক্লাব ৬ উইকেটে হার্ভে ক্লাবকে ও শতদল সংঘ ৫ উইকেটে  সংহতি ক্লাবকে হারিয়ে দেয়। একটি ম্যাচ বৃষ্টিতে বাতিল হয়।

****************************